# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬৭২

২৪/ বিবাহ ও দাম্পত্য

পরিচ্ছেদঃ পর্দার বিধান

## আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ جَاءَتْ سَهْلَةُ بِنْتُ سُهَيْلٍ إِلَى النَّبِيِّ ﷺ فَقَالَتْ يَا رَسُوْلَ اللهِ إِنِّى أَرَى فِى وَجْهِ أَبِى حُذَيْفَةَ مِنْ دُخُولِ سَالِمٍ ـ وَهُوَ حَلِيفُهُ فَقَالَ النَّبِىُّ ﷺ أَرْضِعِيهِ قَالَتْ وَكَيْفَ أُرْضِعُهُ وَهُوَ رَجُلٌ كَبِيرٌ فَتَبَسَّمَ رَسُوْلُ اللهِ ﷺ وَقَالَ قَدْ عَلِمْتُ أَنَّهُ رَجُلٌ كَبِيرٌ

## বাংলা

(২৬৭২) আয়েশা কর্তৃক বর্ণিত, সালেম (রাঃ) আবূ হুযাইফা (রাঃ) এর (নিষেধ হওয়ার পূর্বে) পোষ্যপুত্র ছিলেন। তিনি নিজ ভাইঝির সাথে তাঁর বিয়েও দিয়েছিলেন। সালেম যখন বড় হলেন, তখন আবূ হুযাইফার স্ত্রী সাহলা বিনতে সুহাইল অনুভব করলেন, সালেমের ব্যাপারে তাঁর স্বামীর মনে ঈর্ষা সৃষ্টি হচ্ছে। যেহেতু তিনি তাঁর নিকট পর্দা করেন না। সুতরাং তিনি মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে ঘটনা খুলে বললে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), ওকে তুমি পাঁচবার তোমার দুধ পান করিয়ে দাও, ও তোমার (দুধবেটা) মাহরাম হয়ে যাবে। সাহলা বললেন, 'ও তো বড় হয়ে গেছে, ওর দাড়ি বেরিয়ে গেছে!' নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হেসে বললেন, আমি জানি ও বড় হয়ে গেছে।

## ফুটনোট

(মুসলিম ৩৬৭৩-৩৬৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66420

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন